অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার বৃহৎ আকারের থার্মাল প্রকল্পের জন্য এখন 10 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

নতুন বৃহৎ আকারের থার্মাল কর্মসূচি ভবনের হিটিং, কুলিং, এবং গরম পানির ব্যবস্থাকে ডিকার্বোনাইজ করার সমর্থন করবে, যার মধ্যে থার্মাল এনার্জি নেটওয়ার্কের অন্তর্ভুক্ত একাধিক ভবনের নকশা থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বৃহৎ আকারের থার্মাল প্রকল্পের জন্য এখন 10 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে যা ভবনে হিটিং, কুলিং, এবং গরম পানির ব্যবস্থা থেকে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে। নতুন বৃহৎ আকারের থার্মাল কর্মসূচিটি (Large-Scale Thermal Program) বড় ভবন বা ভবনের নেটওয়ার্কের এমন প্রকল্পকে সমর্থন করবে যা শক্তির ব্যবহার উল্লেখযোগ্যভাবে হ্রাস করা, শক্তির পুনরুদ্ধার সর্বোচ্চ করা, এবং জলবায়ু ও গ্রিডের স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য পুনরাবৃত্তির যোগ্য নকশা ও ব্যবসা মডেল প্রদর্শন করবে।

"পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং ব্যবস্থার নকশা ও বিকাশে বিনিয়োগ করা হলো পুরো স্টেটের ভবনের ডিকার্বোনাইজেশন করা এবং নিঃসরণ হ্রাস করার ব্যাপারে নিউ ইয়র্কের কৌশলের আরেকটি অংশ," **গভর্নর হোকল বলেন।** "এই নতুন কর্মসূচির মাধ্যমে আমরা পুরো স্টেটে কাজ করা, বাস করা, এবং শিক্ষা গ্রহণ করার জন্য শক্তিদক্ষ এবং আরামদায়ক ভবন তৈরি করছি।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত নতুন বৃহৎ আকারের থার্মাল কর্মসূচিটি প্রতিযোগিতার মাধ্যমে কলেজ ও ইউনিভার্সিটি, একাধিক পরিবারের কমপ্লেক্স, মেডিকেল ক্যাম্পাস ও সম্প্রদায়সমূহকে এমন প্রকল্পের জন্য তহবিল প্রদান করবে যা নিজেদের ভবনে বিভিন্ন পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং ব্যবস্থা এবং সরঞ্জাম কার্যকরভাবে যুক্ত করার জন্য হিট পাম্প এবং জিওথার্মাল, বর্জ্যপানি, তাপের অপচয়, ভূপৃষ্ঠের পানি, এবং থার্মাল এনার্জি স্টোরেজের মতো কম কার্বনের থার্মাল সংস্থান ব্যবহার করে। প্রকল্পের সাইটে একটি বড় ভবন বা একাধিক একত্রে অবস্থিত ভবন (যেমন একক থার্মাল সিস্টেম এবং/অথবা সংস্থান ব্যবহার করা একাধিক ভবন), এবং বিদ্যমান ও নতুন নির্মাণ থাকতে পারে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "বসবাসের স্থানের হিটিং এবং গৃহে গরম পানি উৎপাদন সংক্রান্ত ভবনের ডিকার্বোনাইজেশন করা কঠিন কাজ, যা এই নতুন কর্মসূচির গুরুত্বকে তুলে ধরে যেটি এমন প্রকল্পের জন্য সমর্থন প্রদান করবে যা শক্তির ব্যবহার হ্রাস করা এবং জলবায়ু ও গ্রিডের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার ক্ষেত্রে পুনরাবৃত্তির যোগ্য মডেল প্রদর্শন করবে। বৃহৎ আকারের থার্মালের মতো নতুন, উদ্ভাবনী প্রযুক্তিকে বরণ করে নেওয়া ও বাস্তবায়ন করা আমরা অব্যাহত রাখছি, এবং নিউ ইয়র্ক স্টেট গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত রাখবে এবং একই সাথে পরিচ্ছন্ন, দক্ষ, অত্যাধুনিক হিটিং এবং কুলিং সিস্টেম দ্বারা বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে।"

প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধের অংশ হিসেবে NYSERDA এমন প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করবে যা জলবায়ু ন্যায়বিচার কর্মগোষ্ঠীর (Climate Justice Working Group) সংজ্ঞা অনুযায়ী সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে (disadvantaged communities, DAC) অবস্থিত হবে, বা যা নিম্ন আয়ের বাসিন্দাদের সেবাদান করবে, এটি হলো পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধার 40 শতাংশ প্রদানের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ DAC সমূহকে প্রদান করার জলবায়ু আইন লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ। আবাসিক ভবনে কাজ করা প্রকল্পের জন্য নকশার ক্ষেত্রে একটি গ্রাহক জড়িতকরণ ও সুরক্ষা পরিকল্পনা (Customer Engagement and Protection Plan) প্রস্তুত ও প্রদান করা আবশ্যিক হবে, যেখানে প্রদর্শন করা হবে যে কীভাবে গ্রাহকদের সিস্টেমের সাথে যুক্ত করার ব্যাপারে শিক্ষিত করা হবে এবং নিয়োগ করা হবে, এবং একই সাথে উল্লেখযোগ্য শক্তির ব্যয় বৃদ্ধি থেকে সুরক্ষাসহ সংযোগের জন্য তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে শেখানো হবে। নকশার ব্যয় ভাগ করে নেওয়ার জন্য আবেদন করার একটি প্রাক আবশ্যিকতা হলো কমিউনিটি হিট পাম্প সিস্টেম (Community Heat Pump Systems) কর্মসূচি, ফ্লেক্সটেক (FlexTech) কর্মসূচি, বা অন্য তহবিলের উৎসের মাধ্যমে একটি সম্ভাব্যতা স্টাডি সম্পূর্ণ করা।

26 সেপ্টেম্বর, 2024 তারিখ বিকাল 3:00টা হলো প্রস্তাবনা জমা দেওয়ার শেষ সময়। **11 জুলাই, 2024 তারিখে বিকাল 3:00টায়** NYSERDA একটি তথ্যমূলক ওয়েবিনার আয়োজন করবে যেখানে স্টেকহোল্ডারগণ জানতে পারবে যে কোন প্রকল্প যোগ্য হবে এবং কীভাবে আবেদন করতে হবে।

আজকের ঘোষণা হলো কমিউনিটি হিট পাম্প সিস্টেম কর্মসূচির অধীনে NYSERDA যেই অগ্রগতি করেছে তার অনুবর্তী, এটি হলো একটি থার্মাল এনার্জি নেটওয়ার্কের সম্ভাব্যতা স্টাডি, বিস্তারিত নকশা, বা নির্মাণকে সমর্থন করার জন্য 2021 সালের ফেব্রুয়ারি মাসে শুরু হওয়া একটি পাইলট কর্মসূচি। কর্মসূচির মাধ্যমে NYSERDA প্রকল্প বিকাশের বিভিন্ন পর্যায়ে থাকা 50টির বেশি প্রকল্প সাইটকে তহবিল প্রদান করেছে। এই কর্মসূচিটি 2030 সালের মধ্যে 40 শতাংশ, 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা, এবং পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধার 40 শতাংশ প্রদানের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে প্রদান করার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

ভবন হলো নিউ ইয়র্ক স্টেটের সবথেকে উল্লেখযোগ্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের উৎস এবং NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচিসমূহের মাধ্যমে ভবনের ডিকার্বোনাইজেশনের জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবনগুলিতে শক্তি দক্ষতা বৃদ্ধি রকার মাধ্যমে এবং স্টেটব্যাপী অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য, এবং বৈদ্যুতিক যান চার্জিং সরঞ্জাম স্থাপন করা বৃদ্ধির মাধ্যমে স্টেট এর কার্বন দূষণ হ্রাস করবে এবং 2025 সালের মধ্যে 185 TBtu, অর্থাৎ 1.8 মিলিয়ন বাসার বিদ্যুতের সমতুল, অনসাইট শক্তি ব্যয় হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জন করবে।

NYSERDA এর ক্লিন এনার্জি ফান্ড (Clean Energy Fund, CEF) এবং আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative, RGGI) মাধ্যমে এই কর্মসূচির অর্থায়ন করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। গ্রিনহাউজ গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রার তুলনায় 2030 সালের মধ্যে 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশে হ্রাস করার জন্য দেশের সবথেকে আগ্রাসী কিছু জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক প্রয়াসের একটি সমাহারকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে একটি নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলোএবং অন্যান্য বিনিয়োগ 2022 সাল পর্যন্ত নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এর বেশি চাকরিকে সমর্থন করছে এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধি হয়েছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন